

প্রশিক্ষণের তালিকা:

ক) প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ (জেলা কার্যালয়ের মাধ্যমে বাস্তবায়নাবীন):

নং	প্রশিক্ষণ কোর্স/ট্রেডের নাম	প্রশিক্ষণের ধরণ	সর্বনিম্ন শিক্ষাগত যোগ্যতা	কোর্সের মেয়াদ	কোর্স ফি	ভর্তির মাস	প্রশিক্ষণ গ্রহণকারী
০১	কম্পিউটার বেসিক কোর্স	অনাবাসিক	এইচ,এস,সি	০৬ মাস	১০০০/	জুন ও ডিসেম্বর	১৮ হতে ৩৫ বছর বয়সী বেকার যুব ও যুব মহিলা
০২	আউট সোর্সিং /ফ্রি ল্যান্সিং	অনাবাসিক	এইচ,এস,সি	০১ মাস	১০০০/	জানুয়ারি ও মার্চ	
০৩	রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং	অনাবাসিক	অষ্টম শ্রেণি	০৬ মাস	৩০০/	জুন ও ডিসেম্বর	
০৪	ইলেকট্রনিক্স(মোবাইল সার্ভিসিংসহ)	অনাবাসিক	অষ্টম শ্রেণি	০৬ মাস	৩০০/	জুন ও ডিসেম্বর	
০৫	ইলেকট্রিক্যাল এন্ড হাউজ ওয়্যারিং	অনাবাসিক	অষ্টম শ্রেণি	০৬ মাস	৩০০/	জুন ও ডিসেম্বর	
০৬	পোশাক তৈরী	অনাবাসিক	অষ্টম শ্রেণি	০৩ মাস	৫০/	জুন, সেপ্টেম্বর, ডিসেম্বর ও মার্চ	
০৭	ওভেন সুইং মেশিন অপারেটিং	অনাবাসিক	অষ্টম শ্রেণি	০২ মাস	৫০/	জুলাই, অক্টোবর, জানুয়ারি ও এপ্রিল	
০৮	মৎস্য চাষ	অনাবাসিক	অষ্টম শ্রেণি	০১ মাস	৫০/	প্রতি মাসের ২০-৩০ তারিখের মধ্যে	
০৯	গবাদি পশু, হাঁস-মুরগী পালন, প্রাথমিক চিকিৎসা, মৎস্য চাষ ও কৃষি বিষয়ক কোর্স	আবাসিক	অষ্টম শ্রেণি	০৩ মাস	ভর্তি ফি ১০০/ জামানত ১০০/ (ফেরতযোগ্য)	জুন, অক্টোবর, ফেব্রুয়ারি	
১০	বাণিজ্যিকভাবে দুগ্ধবতী গাভী পালন ও গরু মোটাতাজাকরণ, পোল্ট্রি পালন, নার্সারী ও উদ্যানতত্ত্বসহ বিষয়ভিত্তিক বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান	আবাসিক	অষ্টম শ্রেণি	০১ মাস	ভর্তি ফি ১০০/ জামানত ১০০/ (ফেরতযোগ্য)	সেপ্টেম্বর, জানুয়ারি ও মে	

খ) অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ (উপজেলা কার্যালয়ের মাধ্যমে বাস্তবায়নাবীন):

উপজেলা পর্যায়ে বিনামূল্যে বিভিন্ন ট্রেডে ০৭/১৪/২১ দিন মেয়াদী অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ প্রদান করা হয়।

এছাড়া স্থানীয় চাহিদার ভিত্তিতে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ প্রদান করা হয়। এ প্রশিক্ষণ নেয়ার জন্য ১৮ হতে ৩৫ বছর বয়সী বেকার যুব ও যুব মহিলাকে স্ব-স্ব উপজেলায় উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ে যোগাযোগ করতে হবে।

- প্রশিক্ষণ গ্রহণের পর নিম্নোক্ত সুবিধা পাওয়া যায় :-
- বিদেশ যাওয়া/অধিক বেতনের চাকুরীতে অগ্রাধিকার।
- টেকনিক্যাল কোরে চাকুরীর সুবিধা
- সরকারী/বেসরকারী চাকুরীর সুবিধা।
- আত্মকর্মী হওয়া এবং যুব উন্নয়ন অধিদপ্তর হতে স্বাধীনতা পাওয়ার সুবিধা।
- ভর্তির বিস্তারিত তথ্য জানার জন্য বর্ণিত মোবাইল নম্বরে ও নিম্নোক্ত ঠিকানায় যোগাযোগ করুন।

প্রশিক্ষণের বিস্তারিত: যুব উন্নয়ন অধিদপ্তর, নারায়ণগঞ্জ জেলা প্রধানত দুই ধরনের প্রশিক্ষণ বাস্তবায়ন করে থাকে; যথা:

- (ক) প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ
- (খ) অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ।

ক) প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ :

যে সকল প্রশিক্ষণ জেলা কার্যালয়ে এসে প্রশিক্ষণার্থীগণ গ্রহণ করে থাকে সে সকল প্রশিক্ষণকে প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ বলে। এ জেলায় মোট ১২ টি ট্রেডে প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ পরিচালিত হয়। এ সকল প্রশিক্ষণের মেয়াদ ১/৩/৬ মাস। এ সকল প্রশিক্ষণের সনদপত্র উপ-পরিচালক ও মহা পরিচালক-এর যৌথ স্বাক্ষরে প্রদান করা হয়। এ ছাড়াও স্থানীয় চাহিদার ভিত্তিতে যে কোন ট্রেডে প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের আয়োজন করা যায়। উল্লেখ্য এ জেলায় পাবলিক - প্রাইভেট পার্টনারশীপের ভিত্তিতে SEIP (Skills for Employment Investment Program) প্রকল্পের সাথে এবং AGWEB (Association of Grassroots Women Entrepreneurs, Bangladesh) এর সাথে Mou (Memorandum of Understanding) সম্পাদনের মাধ্যমে বিভিন্ন কারিগরী ট্রেডে এবং মহিলাদের পোশাক তৈরী ট্রেডে প্রশিক্ষণ পরিচালিত হয়ে থাকে। একজন বেকার যুব বিনামূল্যে জেলা কার্যালয় হতে ভর্তির ফরম সংগ্রহ করে তা পূরণপূর্বক ৫০/১০০/৩০০/১০০০/- টাকা ভর্তি ফি প্রদান করে প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ গ্রহণ করতে পারে। প্রশিক্ষিত যুবরা প্রশিক্ষণোত্তর প্রকল্প গ্রহণপূর্বক যুব উন্নয়ন অধিদপ্তর হতে প্রয়োজনীয় ঋণ সহায়তা পেয়ে থাকে।

খ) অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ:

যে সকল প্রশিক্ষণ উপজেলা কার্যালয়ের তত্ত্বাবধানে প্রশিক্ষণার্থীদের দ্বারপ্রান্তে তাদের পছন্দনীয় কোন বাড়ীতে/ঘরে/সমিতিতে/কোন স্কুলে/ মাদ্রাসায় ভ্রাম্যমাণ কেন্দ্রে পরিচালিত হয় তাকে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ বলে। এ প্রশিক্ষণের মেয়াদ ৭/১৪/২১ দিন হয়ে থাকে। বর্তমানে উপজেলা কার্যালয়ের মাধ্যমে মোট ৩৪টি ট্রেডে এ প্রশিক্ষণ পরিচালিত হচ্ছে। এ ছাড়াও স্থানীয় চাহিদার ভিত্তিতে যে কোন বিষয়ের উপর এ প্রশিক্ষণ পরিচালিত হতে পারে। যে কোন বেকার যুব উপজেলা কার্যালয় হতে বিনামূল্যে ভর্তি ফরম সংগ্রহ করে বিনা কোর্স ফি-তে ৩০/৪০ জনের একটি গ্রুপের সাথে একটি নির্দিষ্ট ট্রেডে প্রশিক্ষণ গ্রহণ করতে পারে। প্রশিক্ষণোত্তর প্রকল্প গ্রহণপূর্বক একজন বেকার যুব উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় হতে প্রয়োজনীয় ঋণ সহায়তা পেতে পারেন।

১১। প্রশিক্ষণ সংক্রান্ত পরামর্শ:

একজন বেকার আহুতী যুব-কে চাকুরীর পেছনে না ছুটে যুব উন্নয়ন অধিদপ্তরের জেলা কার্যালয় ও উপজেলা কার্যালয়ের পরামর্শ গ্রহণ তার পছন্দনীয় একটি ট্রেডে প্রশিক্ষণ নিয়ে প্রকল্প গ্রহণের মাধ্যমে আত্মকর্মে নিয়োজিত হওয়ার জন্য অনুরোধ করা হলো। জেলা /উপজেলা কার্যালয়ের গেটে রক্ষিত স্থায়ী ভর্তি বিজ্ঞপ্তিটি গভীরভাবে খেয়াল করে একজন বেকার যুব অনায়াসেই তার পছন্দের ট্রেডটি বেছে নিতে পারবে। যুব'রা “প্রশিক্ষণ নিন, আত্মকর্মা হোন”।